

রয়েটে কাল স্নাতক (সম্মান) ভর্তি শুরু

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রয়েটে) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া আগামীকাল বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। এ সময় মেধা তালিকায় থাকা ক গ্রুপের মেধাজ্ঞান অনুযায়ী প্রথম ৭৮০ জন এবং খ গ্রুপের প্রথম ৩০ জনকে ভর্তি করানো হবে। ভর্তির নিয়ম এবং প্রয়োজনীয় কার্গিজপত্রের ব্যাপারে রয়েটে প্রশাসনিক ভবনের নোটিশ বোর্ড এবং (www.ruet.ac.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রথম মেধা তালিকায় থাকাদের ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন্ন ফাঁকা থাকলে অর্পেক্ষমাণ তালিকা থেকে ভর্তি করা হবে। এ বছর নতুন দুইটি বিভাগসহ মোট ১২টি বিভাগে ভর্তি হবে ৮১৫ জন শিক্ষার্থী।